This Question paper consists of 15 questions and 8 printed pages.
এই প্রশ্নপত্রটিতে 15 টি প্রশ্ন এবং 8 টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

Roll No.
রোল নং

Code No. 68/S/O/B
কোড নং

Set / সেট - A

# BANGALI
# (বাংলা)
# (203)

Day and Date of Examination ____________________
(পরীক্ষার দিন ও তারিখ)

Signature of Invigilators 1. ____________________
(তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর)

2. ____________________

**সাধারণ নির্দেশাবলী :**

1 সমস্ত প্রশ্নের উত্তর আপনাকে উত্তর পুস্তিকাতে লিখতে হইবে যা আপনাকে উত্তর পুস্তিকাতে দেওয়া আছে।।

2 প্রশ্নপত্র পড়ার জন্য 15 মিনিট সময় নির্ধারিত আছে। আপনাকে প্রশ্নপত্র 02.15 মিনিটে দেওয়া হবে। 02.15 থেকে 02.30 মিনিট শুধুমাত্র প্রশ্নপত্র পড়িতে পারিবেন এবং এই সময়ের মধ্যে কোনো উত্তর উত্তরপত্রে লিখিবেন না।

3 পরিক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

4 প্রশ্ন-পুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সংগে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলী পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন।

5 বিষয়মূলক (Objective Type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য (A), (B), (C) এবং (D) - এর যে কোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর-পুস্তিকায় সেটি নির্দেশ করুন।

6 সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে।

7 নির্দিষ্ট স্থান ছাড়া অন্য স্থানে পরিচয়জ্ঞাপক চিহ্ন দিলে অথবা রোল নম্বর লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।

8 উত্তর-পুস্তিকায় প্রশ্ন-পুস্তিকার Code No. 68/S/O/B-A লিখুন।



Unnati Educations
For Solutions, Contact Us
9899436384,9654279279

# BANGALI

## (বাংলা)

## (203)

সময় ঃ 3 ঘন্টা] [পুর্ণমান ঃ 100

নির্দেশ ঃ (i) সমগ্র প্রশ্নপত্রটি তিন বিভাগে বিভক্ত।

(ii) এখানে মোট 15 টি প্রশ্ন রয়েছে।

(iii) সব প্রশ্ন বাধ্যতামূলক।

(iv) প্রতিটি প্রশ্নের জন্য নির্দিষ্ট নম্বর উল্লেখ করা আছে।

(v) প্রশ্ন সংখ্যা 1 থেকে 9 - এর অন্তর্গত প্রতিটি প্রশ্নের জন্য 1 নম্বর ধার্য করা হয়েছে। এগুলি মূলত এক শব্দ বিশিষ্ট প্রশ্ন। সত্য, মিথ্যা, ছক মেলানো, শূন্য স্থান পূরণ জাতীয়।

(vi) বিভাগ 'গ' - এ 2, 4, 6 নম্বরের প্রশ্ন আছে। 14 নং এবং 15 নং প্রশ্নের মান (6)।

### বিভাগ - 'ক'

1 পাঠক্রম অবলম্বনে প্রথম তালিকার সাথে দ্বিতীয় - তালিকার সামঞ্জস্য সাধন করে সঠিক উত্তর নির্বাচন করুন। 1×5=5

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| (a) শুধু ভাঙা নয় | (i) ভাঙা ইহাদের পথে নিতে হবে সাথে দিতে হবে অধিকার। |
| (b) কান্ডারী হুশিয়ার | (ii) তাদের নাকের কাছে ধরে দিও ফুলের একটু গন্ধ। |
| (c) ছাড়পত্র | (iii) যখন প্রলয় আসে সে বোবা অন্ধ হয়ে যায়। |
| (d) জন্মভূমি আজ | (iv) জীর্ণ পৃথিবীতে ব্যর্থ মৃত আর ধ্বংসস্তুপ পিঠে। |
| (e) দাঁড়াও | (v) মানুষ ফাঁদ পাতছে, তুমি পাখির মত পাশে দাঁড়াও। |



Unnati Educations
For Solutions, Contact Us
9899436384,9654279279

2 নিম্নোক্ত মন্তব্যগুলির মধ্যে কোনটি সত্য খুজে বের করুন। একই সাথে মিথ্যে মন্তব্যটি চিহ্নিত করুন। (যে কোন 5 টি) 1×5=5

(a) বাংলা বর্ণমালাতে 11 টি স্বরবর্ণ আছে। 1

(b) 'অ' - একটি তালব্যবর্ণ। 1

(c) বাংলা বর্ণমালায় মোট দুটি যৌগিক স্বর পাওয়া যায়। 1

(d) 'ঞ্চ' বর্ণটি 'ঞ + চ' যোগে গড়ে ওঠে। 1

(e) বিশেষ্য পদকে সর্বনাম পদে রূপান্তরিত করা যায়। 1

(f) 'ঔ' বর্ণটি 'ও + উ' বর্ণের সংযুক্ত রূপ। 1

3 নিম্নোক্ত মন্তব্যগুলি শুদ্ধ-অশুদ্ধ বিচার করুন (যেকোন 11 টি) 1×11=11

(a) পালামৌ ছেড়ে ছেলে বঁউ মেয়েকে নিয়ে পূর্তি চোট্রি নদীর তীরে ঘর তৈরী করেছিল। 1

(b) নারায়ণ গঙ্গোপাধ্যায়ের লেখা 'লক্ষীর ঝাঁপি' গ্রন্থ থেকে রেকর্ড গল্পটি গৃহীত হয়েছে। 1

(c) 'জ্যাক' দুদিন ছুটি পেয়েছিল। 1

(d) 'রেকর্ড' গল্পে গানের ডক্টরেট উপাধিটি ছিল 'ওয়েস্টার্ন মিউজিকে' । 1

(e) মাটির নীচে পাওয়া হাতিয়ার গুলি ছিল পৌরাণিক যুগের। 1

(f) পিয়োরের বাসটি ছিল প্যারিস শহরের থেকে কিছুটা দূরে। 1

(g) নাটকে মোট তিনজন শোণপাংশুকে কথা বলতে দেখা যায়। 1

(h) হিন্দি রেকর্ডটি বন্ধ হয়ে গিয়েছিল। 1

(i) দক্ষিণ দিকের রঙ রুই মাছের পেটের মত। 1

(j) পঞ্চক শোণপাংশুদের কাছে যে বইটির নাম করেছিল তা হল 'দিকচক্রচন্দ্রিকা'। 1

(k) পঞ্চকদের পিতামহ বিষকুম্ভ কাকুরের মধ্যে জন্মগ্রহণ করেছিল। 1

(l) নবাবগঞ্জ আশ্রমের মুখপাত্র এর নাম হাতেখড়ি। 1

(m) চোট্রি একটি নদীর নাম। 1

4 প্রথম বন্ধনীর অন্তর্ভুক্ত শব্দ ভান্ডারের থেকে যেকোন একটি শব্দ দ্বারা শূন্যস্থান পূরণ করুন। (যেকোন **5** টি) 1×5=5

(a) _________ জুড়ে আরো ভালো একছবি। (দেশ/ মন/জীবন/পৃথিবী) 1

(b) লাঞ্ছিতে হবে রাত্রি_________যাত্রীরা হুশিয়ার। (দিন/ নিশীথে/ভুলে/হলে) 1

(c) 'মানুষই ফাঁদ পাতছে'- এখানে 'মানুষ' শব্দটি ব্যবহৃত হয়েছে_________। (অশিক্ষিত / শিক্ষিত/চক্রান্তকারী/আত্মকেন্দ্রিক) 1

(d) মাথার ওপর একটা_________কালো আকাশ। (ভয়ঙ্কর/ বীভৎস/শান্ত/বিকট) 1

(e) _________লোকের পথে রেখামাত্র চিহ্ন রাখিবেনা। (জ্যোতিষ্ক/ অনন্ত/পৃথিবী/ব্রহ্মান্ড) 1

(f) যখন_________ আসে, সে বোবা ও অন্ধ হয়ে যায়। (প্রলয়/ মাস্টারমশাই/মা/ঝড়) 1



Unnati Educations
For Solutions, Contact Us
9899436384,9654279279

5 নীচের মন্তব্যগুলিকে ক্রমানুসারে সাজান। প্রতিটি মন্তব্য রেকর্ড গল্পাংশ থেকে গৃহীত। 1×4=4

(a) একটি অচেনা অজানা পুরনো রেকর্ড কিনে আচ্ছা জ্বালা হল তো। 1

(b) রেকর্ডটা শুনে চমকে উঠলেন। 1

(c) ওই রেকর্ডটা, ভারী অস্বস্তি লাগছে। 1

(d) হিন্দি রেকর্ডটা থেমে গিয়েছে। 1

## বিভাগ - 'খ'

6 সঠিক উত্তর বেছে নিয়ে নিচের তথ্যগুলি পূরণ করুন। 1×5=5
(যেকোন 5 টি প্রশ্নের উত্তর দিন)

(i) ছোট্ট যে রঙের উঠোনে হামাগুড়ি দেয়, তা- 1

(A) হলুদ (B) সবুজ

(C) মাটির (D) পাথরের

(ii) 'কান্ডারী হুশিয়ার' কবিতায় 'লাঙ্ঘিতে হবে' বলতে বোঝানো হয়েছে- 1

(A) অতিক্রম করতে হবে (B) দৌড়াতে হবে

(C) চলতে হবে (D) লাফ দিতে হবে

(iii) 'তোমাকে সেই সকাল থেকে তোমার মত মনে পড়ছে, সন্ধ্যা হলে মনে পড়ছে, রাতের বেলা মনে পড়ছে'। 1

এখানে 'সকাল-সন্ধ্যা' এবং 'রাতের বেলা' বলতে বোঝানো হয়েছে-

(A) সকাল, সন্ধ্যা ও রাত্রি-তিন সময়কে

(B) দিনের শুরু, দিনের শেষ,সমগ্র রাত্রিকে

(C) সমগ্র দিনকে

(D) সর্বক্ষণকে

(iv) মদমত্ত হাতির উল্লেখ আছে যে কবিতায়- 1

(A) দাড়াও (B) ছাড়পত্র

(C) কান্ডারী হুঁশিয়ার (D) শুধু ভাঙা নয়

(v) 'ছাড়পত্র' কথাটির অর্থ কী ? 1

(A) অনুমতি পত্র (B) অনধিকার পত্র

(C) ছেড়ে দেওয়া চিঠি (D) ছিড়ে যাওয়া চিঠি

(vi) 'দাড়াও' কবিতাটি রচনা করেছেন 1

(A) শক্তি চট্টোপাধ্যায় (B) রবীন্দ্রনাথ ঠাকুর

(C) সুভাষ মুখোপাধ্যায় (D) জীবনানন্দ দাশ



Unnati Educations
For Solutions, Contact Us
9899436384,9654279279

7 যুক্তি ও মন্তব্য শুদ্ধ কিনা বিচার করুন। (যেকোন 5টি) 1×5=5

(i) যুক্তি- মহাশ্বেতাদেবী মুন্ডা সম্প্রদায়ের ন্যায় অধিকার অর্জনের স্বপক্ষে লড়াইয়ের কথা 'অরণ্যের অধিকার' গ্রন্থে বলেছেন। 1

মন্তব্য- মহাশ্বেতাদেবী নিজে মুন্ডা সম্প্রদায়ের অংশ ছিলেন।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি অশুদ্ধ মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ

(ii) যুক্তি- মেয়েটি হলুদ রজনীগন্ধা তৈরীর চেষ্টা করছিল। 1

মন্তব্য- মেয়েটি বাবাকে অবাক করে দিতে চেয়েছিল।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি অশুদ্ধ মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ

(iii) যুক্তি- খেসারি ডাল পঞ্চকরা বাড়িতে ঢোকায় না। 1

মন্তব্য- খেসারি ডাল খেলে ঘোরতর অসুখ করতে পারে।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি অশুদ্ধ মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ

(iv) যুক্তি- প্রথম বিশ্বযুদ্ধে পিয়োরকে যেতে হয়েছিল। 1

মন্তব্য- ওইসব দেশে লাগলে সাধারণ মানুষ, যুবকদের যুদ্ধে যোগদান করতে হয়, এটাই নিয়ম।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি অশুদ্ধ মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ

(v) যুক্তি- গান হল জীবনের জয়ের গান। 1

মন্তব্য- যে মানুষ গান গাইতে জানে না, সৃষ্টি এবং ভালোবাসার আবেগ সঞ্চারিত হয় না যার মধ্যে, সেই বিপদের সময় বোবা ও অন্ধ হয়ে যায়।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি অশুদ্ধ মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ

(vi) যুক্তি- জীবনে সুন্দর অসুন্দর উভয়েই আছে। 1

মন্তব্য- শুধু সুন্দরকে প্রতিষ্ঠা করতে হবে, অসুন্দরকে দূরে সরিয়ে দিতে হবে।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি অশুদ্ধ মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ



Unnati Educations
For Solutions, Contact Us
9899436384,9654279279

8 পরবর্তী লাইনটি খুঁজে ঠিক(✓) চিহ্ন দিন। ( যেকোন 5টি) 1×5=5

(i) সে ভাষা বোঝে না 1

(A) কেউ হাসে, কেউ করে মৃদু তিরস্কার।

(B) কেউ হাসে, কেউ কাঁদে, দূরে হাহাকার।

(ii) আস্ত একটি জীবনকে ঘরে আনা যাক। 1

(A) একটুও যার ভাঙা নয়

(B) ভেঙো নাকো শুধু ভাঙা নয়

(iii) এসে দাঁড়াও, ভেসে দাঁড়াও এবং ভালোবেসে দাঁড়াও 1

(A) মানুষ বড় একলা, তুমি তাহার পাশে এসে দাঁড়াও

(B) মানুষ বড় কাঁদছে, তুমি মানুষের পাশে দাঁড়াও

(iv) আমি কিন্তু মনে মনে বুঝেছি সে ভাষা 1

(A) পেয়েছি নতুন চিঠি আসন্ন যুগের

(B) জন্ম মাত্র সুতীব্র চিৎকারে

(v) ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা জীবনের জয়গান। 1

(A) আসি অলক্ষ্যে দাড়ায়েছে তারা; দিবে কোন বলিদান ?

(B) আজি পরীক্ষা; জাতির অথবা জাতের করিবে ত্রাণ ?

(vi) কে আছো জোয়ান, হও আগুয়ান, হাকিছে ভবিষ্যৎ। 1

(A) লাঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে যাত্রীরা হুশিয়ার

(B) এ তুফান ভারী দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার।

9 প্রবন্ধ থেকে গৃহীত সম্ভাব্য উত্তরগুলির মধ্যে সঠিক উত্তরটি বেছে নিন। (যেকোন 4 টি) 1×4=4

(i) 'ভারতীয় সংস্কৃতির ধারা' প্রবন্ধটি প্রথম যে বইতে স্থান পায়- 1

(A) অন্নদাশঙ্কর রায়ের শ্রেষ্ঠ প্রবন্ধ

(B) অন্নদাশঙ্কর রায়ের প্রবন্ধ সমগ্র

(C) ভারতীয় সংস্কৃতির ধারা

(D) শিক্ষার সংকট

(ii) আর্যপূর্ব ও আর্য মিলে হয়- 1

(A) প্রাচীন হিন্দু (B) হিন্দু

(C) হিন্দুস্থানী (D) মুসলমান



Unnati Educations
For Solutions, Contact Us
9899436384,9654279279

(iii) হিন্দু ও মুসলমানের দুটি বড় উৎসব আছে একটি দুর্গোৎসব; অন্যটি হল- 1

(A) ঈদ (B) সরস্বতী পূজা

(C) রাস উৎসব (D) যীশুর জন্মদিন পালন

(iv) মিলনের কথা প্রবন্ধে যারা চাষ করেন, তাদের মধ্যে একজনের নাম- 1

(A) বিষ্ণু মন্ডল (B) শ্রীহরি মন্ডল

(C) রহিম মন্ডল (D) শ্রীনাথ মন্ডল

(iv) ভারতীয় হিন্দু বৌদ্ধ সংস্কৃতি বহিরভারতে পরিব্যাপ্ত হয় যে যুগে- 1

(A) চতুর্থ যুগে (B) তৃতীয় যুগে

(C) পঞ্চম যুগে (D) কোনোটিই সঠিক নয়

## বিভাগ - 'গ'

**10** প্রতিটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখুন। 2×6=12

(a) ক্যামিল তার পিতাকে কী কী ভাবে সাহায্য করতো ? 2

(b) রমজান বলতে কি বোঝায়? 2

(c) পঞ্চক কোন কোন কাজ খারাপ বলে জানতে পেরেছিল? 2

(d) ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধটি কত সালে কে লিখেছিলেন? 2

(e) 'ছোঁওয়াছুয়ি মন্ত্রতন্ত্র'- মুলগ্রন্থের নাম কি? 2

(f) 'মিলনের কথা' পাঠ্যের মূল বিষয় বস্তু একটি বাক্যে লিখুন। 2

**11** পদ পরিবর্তন করে সেই পদ দিয়ে নতুন বাক্য রচনা করুন। (যেকোন 5 টি) 2×5=10

(a) অগ্র 2

(b) জয় 2

(c) দীর্ঘ 2

(d) সুন্দর 2

(e) ডাকাই 2

(f) চিত্র 2

**12** (a) উপভাষার সংজ্ঞা লিখুন। বাংলা ভাষা ও উপভাষার মধ্যে তিনটি পার্থক্য লিখুন। 2+6=8

(b) পদ কাকে বলে? সংযোজক পদ ও আবেগসূচক পদের সংজ্ঞা সহ উদাহরণ লিখুন। 2+6=8



Unnati Educations
For Solutions, Contact Us
9899436384,9654279279

13 যেকোন চারটি প্রবাদ প্রচলের অর্থ লিখে একটি করে বাক্য রচনা করুন। 2×4=8

(a) অগস্ত যাত্রা 1

(b) ইঁচড়ে পাকা 1

(c) কলুর বলদ 1

(d) চাঁদের হাট 1

(e) ধনুক ভাঙা পণ 1

14 নিচের অংশটি পড়ে বিষয় সংক্ষেপে লিখুন। 6×1=6

আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের উপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাওয়ার নেশায় লক্ষহীন প্রচন্ড বেগে শুধুই আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনষ্যত্ব কথাটাও হয়ত লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেচে যেখান থেকে আর হয়ত নামার উপায় নেই; এবার ওঠার সিঁড়িটা না খুঁজলেই নয়।

15 নিচের যেকোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন। 6×1=6

(a) প্রাত্যহিক জীবনে যোগ ব্যায়াম। 6
(ভূমিকা-যোগ-যোগের উপকারিতা-যোগের সাথে গ্রহণীয় খাদ্যাদি-উপসংহার)

(b) জাতীয় সংহতি (ভূমিকা-জাতীয় সংহতির স্বরূপ-সংহতির বাধা-জাতীয় শিক্ষার প্রয়োজনীয়তা ও নিরক্ষরতা দূরীকরণ-উপসংহার) 6

(c) মানব জীবনে পরিবেশের প্রভাব। (ভূমিকা-প্রাকৃতিক পরিবেশের প্রভাব-সামাজিক পরিবেশের প্রভাব-শিক্ষা পরিবেশের প্রভাব-উপসংহার) 6

(d) বাংলার লোকসংস্কৃতি (ভূমিকা-লোকসাহিত্য-লোকসংস্কৃতি-পালাপার্বন-উৎসব-লোকসংস্কৃতির প্রভাব-উপসংহার) 6



Unnati Educations
For Solutions, Contact Us
9899436384,9654279279